



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৫ মে ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

ইউপিডিএফ সংগঠক চরণসিং তঞ্চঙ্গ্যাকে আটকের নিন্দা ও প্রতিবাদ, নিঃশর্ত মুক্তির দাবি

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা সমন্বয়ক প্রদীপন খীসা এক বিবৃতিতে আজ ১৫ মে ২০১৫, শুক্রবার সকালে খাগড়াছড়ি সদর উপজেলাধীন কৃষি গবেষণা এলাকা থেকে সেনাবাহিনী কর্তৃক ইউপিডিএফ-এর উপজেলা সংগঠক চরণসিং তঞ্চঙ্গ্যাকে আটকের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, শুক্রবার সকাল আনুমানিক পৌনে ১১টার দিকে ইউপিডিএফ সংগঠক চরণসিং তঞ্চঙ্গ্যা কৃষি গবেষণা এলাকায় একটি দোকানে বসে এলাকার লোকজনের সাথে কথাবার্তা বলছিলেন। এ সময় গাড়িযোগে একদল সেনাবাহিনী গিয়ে দোকান ঘেরাও করে সেখান থেকে তাকে সম্পূর্ণ অন্যায়াভাবে আটক করে নিয়ে যায়।

বিবৃতিতে তিনি সেনাবাহিনী কর্তৃক অন্যায়া ধর-পাকড়ের উদ্বেগ প্রকাশ করে বলেন, সরকার ইউপিডিএফের ন্যায়সঙ্গত আন্দোলন দমনে সেনাবাহিনী দিয়ে নেতা-কর্মীদের ধরপাকড় ও মিথ্যা মামলা দিয়ে হয়রানি করছে। ইউপিডিএফ নেতা-কর্মী ছাড়াও সাধারণ জনগণের উপরও ব্যাপক নিপীড়ন-নির্যাতন চালানো হচ্ছে। কিন্তু সরকারের এটা মনে রাখা উচিত, অন্যায়া দমন-পীড়ন চালিয়ে ইউপিডিএফ তথা জনগণের ন্যায়সঙ্গত আন্দোলনকে কিছুতেই স্তব্ধ করা যাবে না।

বিবৃতিতে তিনি অবিলম্বে চরণসিং তঞ্চঙ্গ্যাসহ এ যাবত আটককৃতদের নিঃশর্ত মুক্তি, অন্যায়া ধর-পাকড় বন্ধ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ১১টি অগণতান্ত্রিক সিদ্ধান্ত বাতিল ও সূষ্ঠ গণতান্ত্রিক পরিবেশ ফিরিয়ে দেয়ার জোর দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।